

Telephonic conversation between Prime Minister and Prime Minister of Portugal

May 05, 2020

প্রধানমন্ত্রী এবং পোর্টুগালের প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ
মে, 05,2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ পোর্টুগালের প্রধানমন্ত্রী মহামান্য অ্যান্টোনিও কোস্টা-র সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

প্রধানমন্ত্রী ফেব্রুয়ারি মাসে পোর্টুগালের রাষ্ট্রপতি মহামান্য শ্রী মার্শেলো রেবেলো ডি সোসার রাষ্ট্রীয় ভারত সফরের কথা স্মরণ করেছেন।

দুই নেতা COVID-19 অতিমারির অবস্থা এবং স্বাস্থ্য ও অর্থনীতির উপরে এর প্রভাবে নিয়ন্ত্রণ করার জন্য উভয় দেশের গৃহীত পদক্ষেপগুলি নিয়ে আলোচনা করেছেন। এই সংকটকে কর্মকররূপে সামলাবার জন্য প্রধানমন্ত্রী পোর্টুগালের প্রধানমন্ত্রী কোস্টাকে অভিনন্দন জানিয়েছেন।

দুই নেতা উল্লেখ করেছেন যে, ভাইরাসের বিস্তারকে গন্ডিবদ্ধ রাখার ক্ষেত্রে অতিসক্রিয় জাতীয় পদক্ষেপ সহায়তা করেছে। এই পরিস্থিতিকে সামাল দেবার জন্য তারা পরস্পরকে সম্ভাব্য সাহায্য প্রদান করার প্রস্তাব দিয়েছেন এবং COVID-19 এর সাথে লড়াইয়ের লক্ষ্যে গবেষণা এবং উদ্ভাবনের ক্ষেত্রে সহযোগিতার বিষয়ে সহমত হয়েছেন।

লকডাউনের কারণে ফিরে আসতে না পারার জন্য পোর্টুগালে ভারতীয় ভ্রমণকারীদের ভিসার মেয়াদ বৃদ্ধি করার জন্য প্রধানমন্ত্রী, প্রধানমন্ত্রী কোস্টাকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন। ভারতে পোর্টুগীজ নাগরিকদের ভারতীয় কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত সহযোগিতার জন্য প্রধানমন্ত্রী কোস্টা তাঁর প্রশংসা ব্যক্ত করেছেন।

সংকটের উদ্ভূত অভিমুখের উপরে এবং তৎসহ কোভিডোত্তর পরিস্থিতির প্রাসঙ্গিকতায় নিজেদের মধ্যে সংযোগ বজায় রাখার ক্ষেত্রে নেতারা সহমত হয়েছেন।

নিউ দিল্লি

মে, 05,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

